গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিকলী, কিশোরগঞ্জ।
www.nikli.kishoregonj.gov.bd

**২০ একর পর্যন্ত জলমহাল/খাসপুকুর ইজারার আবেদন গ্রহণ বিজ্ঞপ্তি (১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ)**

**বিজ্ঞপ্তি নম্বর- ০১/২০২৪**

এতদ্বারা সমবায় অধিদপ্তর এবং সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লি: ও সংগঠনের সভাপতি/সম্পাদকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী নিকলী উপজেলার ব্যবস্থাপনাধীন (২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ শ্রেণির জলমহাল ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ৩(তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩১শে চৈত্র পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারার প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়, সায়রাত-১ এর ০২ নভেম্বর, ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ)-৬৬২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নিকলী, কিশোরগঞ্জ হতে জানা যাবে।

০২। জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে jm.lams.gov.bd লিংকে রেজিস্টেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করা যাবে। তাছাড়া জলমহালের আবেদন আহব্বান বিজ্ঞপ্তি www.nikli.kishoregonj.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

ইজারাযোগ্য জলমহাল সিডিউল ও শর্তাবলী নিম্নরূপ :-

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারী জলমহাল ব্যবস্থাপনা সিডিউল :-

| ক্র.নং | অনলাইনে আবেদন দাখিলের সময়কাল | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ১৪৩০ বঙ্গাব্দে ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন মাসের মধ্যে (২৩-০১-২০২৪ হতে ১৬-০২-২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত) | jm.lams.gov.bd লিংকে রেজিস্টেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল |
| ০২. | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে (১৯-০২-২০২৪ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবস অর্থাৎ ২২/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য নিকলী উপজেলার ২০ একর পর্যন্ত জলমহালের তফসিল ও ইজারামূল্যে :-

| ক্রমিক | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজা | খ: নং | দাগ নং | পরিমাণ (একর) | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | সাতালিয়া বিল | দামপাড়া | ১ | ২৭৬৩, | ৫.৪৪ | ১০,২৩,৮১৯/- |
| ০২. | বৌমা বিকুইজুরী | ধীরুয়াইল | ১ | ১৪৭০ | ৫.৮৩ | ৪,৯৭,৭০০/- |
| ০৩. | ঝনঝনিয়া বিল | ডুবি | ১ | ৬০৭ | ৯.৬০ | ১,৯৩,২০০/- |
| ০৪. | হরচুকী বিল | কুর্শা, ছোট দিঘিরপাড় | ১ | ৫০২৭, ৪৫৮১, ৪৭০৫, ৬৫৬ | ১৭.৭৯ | ১,৯১,৪৪৯/- |
| ০৫. | জোয়ারিয়া বিল | গুরই | ১ | ৬৩৬৮ | ১৭.৯৯ | ১,২২,৮৫০/- |
| ০৬. | দিঘা বিল | সাজনপুর | ১ | ২১৪৭, ২২২৬, ২২২৭, ২১৪৬, ২০৭৩ | ৫.৪১ | ২,২৬,২৭৫/- |
| ০৭. | কিলানি বিল | গুরই | ১ | ৬০৬০, ৬০৬১, ৬০৬২ | ৬.৬২ | ২,০৪,৯০৯/- |
| ০৮. | বরুন বিল | গুরই | ১ | ৪৬৭৫ | ১০.৭৫ | ৬০,১৯৯/- |
| ০৯. | দামপাড়া খাস পুকুর | দামপাড়া | ১ | ৩৭৪০ | ০.৭৪ | ১৭,৪১২/- |
| ১০. | নোয়াপাড়া খাসপুকুর | নোয়াপাড়া | ১ | ৫৯ | ০.৬৩ | ৮,৪০০/- |
| ১১. | বানিয়াহাটি খাসপুকুর | নিকলী | ১ | ১৩১৭ | ০.৯২ | ৭,৬৬৫/- |
| ১২. | মীরহাটি খাসপুকুর | নিকলী | ১ | ১২৭৬ | ১.৪৮ | ৫৩,৫৫০/- |

F:\Salam UNO office-2022\জলমহাল\Tender -2023\Jolmohal lease-2024.doc

CamScanner

## জলমহাল ইজারা সংক্রান্ত শর্তাবলী

০১। জলমহাল ইজারা গ্রহণকারী কোন সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১ বৈশাখ হতে ইজারা হিসেবে গণ্য করা হবে।

০২। উপরে বর্ণিত কার্যালয় সমূহ হতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, নিকলী বরাবরে ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (যে কোন তফছিলভূক্ত ব্যাংক) মূলে অফেরতযোগ্য আবেদন ফরম ক্রয় করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে আবেদনকারী কর্তৃক প্রস্তাবিত ইজারামূল্যের ২০% অর্থ সরকার অনুমোদিত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, নিকলী বরাবরে বিডি/পে-অর্ডার মারফত জামানত হিসাবে জমা দিতে হবে। জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৪। প্রস্তাবিত ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

০৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন আবেদন প্রক্রিয়ায় ২(দুই) টির বেশী জলমহাল ইজারা গ্রহণ করতে পারবে না।

০৬। সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সংগঠন জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

০৭। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে জলমহালের কোন অংশ ভরাট হয়েছে বা চাষ অনুপযোগী এবং আয়তন কম/বেশী হলে এই মর্মে কোন আপত্তি আনয়ন করা যাবে না। আপত্তি আনয়ন করলেও তা গ্রহণযোগ্য হবে না।

০৮। ''জাল যার জলা তার" এই নীতির আলোকে নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ইজারা/ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে।

০৯। প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজসেবা অধিদপ্তর কতৃক নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদন দাখিলের জন্য উপযুক্ত বলে গণ্য হবেন।

১০। জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা বা উপজলো সমবায় কর্মকর্তা/সমাজ সেবা কর্মকর্তার প্রত্যয়নপত্রসহ বিগত তিন বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবীদের সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রত্যয়নপত্র বা অডিট রিপোর্ট প্রযোজ্য নয়।

১১। আবেদনপত্রের সাথে সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) দাখিল করতে হবে এবং একই সাথে এর অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

১২। ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে।

১৩। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির গঠনতন্ত্র, নির্বাচিত কমিটি, সমিতির ব্যাংক হিসাবের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্র এবং তিনি বছর মেয়াদে ইজারা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালে মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা দাখিল করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

১৪। আবেদনকারী সমিতি প্রকৃত মৎস্যজীবী সমিতি কিনা এবং সমিতির অবস্থান জলমহালের নিকটবর্তী/তীরবর্তী কিনা এই মর্মে উপজেলা জলমহাল ব্যবসহাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৫। ইজারামূল্য পরিশোধে খেলাপী হলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা জলমহাল বিষয়ে অন্য কোন আদালতে মামলা থাকলে উক্ত সমিতি ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৬। জলমহাল ইজারার ক্ষেত্রে জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার দেয়া হবে।

১৭। জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ভিত্তিতে একটি মাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের আবেদন পাওয়া গেলেও উক্ত সমিতির অনুকূলে ইজারা প্রদান করা হবে। একাধিক সংগঠন/সমিতি আবেদন করলে এবং একই পদ্ধতিতে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলাপ আলোচনা তথা সমঝোতার ভিত্তিতে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করতে পারবেন।

১৮। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা নির্বাহী অফিসার লীজ বাতিল করতে পারবেন এবং বাতিলকৃত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদান করতে পারবেন।

১৯। কোন সমিতি/সংগঠন বরাবরে কোন জলমহাল ইজারা প্রদানের জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হলে সিদ্ধান্ত গ্রহণের ১৫(পনের) দিনের মধ্যে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য (ভ্যাট আয়করসহ) পরিশোধ করতে হবে। পরবর্তী প্রতি বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। সমুদয় ইজারামূল্য যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে জলমহাল নীতিমালা অনুযায়ী প্রদত্ত ইজারাদেশ উপজেলা নির্বাহী অফিসার বাতিল করবেন এবং জামানত বাবদ জমাকৃত অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।



CamScanner

২০। মিথ্যা তথ্য প্রদান করে কোন সমিতি/সংগঠন কোন জলমহাল ইজারা প্রাপ্ত হলে এবং তা পরবর্তীতে প্রমাণিত হলে প্রদত্ত ইজারা বাতিল করা হবে। জামানত বাবদ জমাকৃত অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে।

২১। ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ দেওয়া যাবে না বা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে দেওয়া যাবে না। যদি সাব-লীজ প্রদান প্রমাণিত হয় তবে ইজারাদেশ বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত অর্থ সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত প্রাপ্তির জন্য কোন আবেদন করতে পারবে না ।

২২। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারাগ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারাগ্রহীতার কোন প্রকার দাবী/ অধিকার/ স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল সয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের উপর ন্যস্ত হবে ।

২৩। ইজারাকৃত সকল জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষণা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্যবিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় নমুনা মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

২৪। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না ।

২৫। যে সকল জলমহাল (নদী, হাওর, খাল ইত্যাদি) থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।

২৬। ইজারাকৃত সরকারি জলমহালের পাড়ে ইজারাগ্রহীতা কর্তৃক সামাজিক বনায়নের ব্যবস্থা করতে হবে ।

২৭। সরকারি জলমহাল ইজারা/ বন্দোবস্ত গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবী সমিতি/এনজিও'র সাথে কোন জঙ্গিবাদের সম্পৃক্ততা পাওয়া গেলে এবং উক্ত সমিতির অনুকূলে কোন জলমহাল ইজারা দেওয়া হয়ে থাকলে তা বাতিল করে নতুনভাবে ইজারা/ বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা করা যাবে ।

২৮। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয়, সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ের রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে ।

২৯। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না ।

৩০। জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচবাগের সৃষ্টি করতে হবে । যা মাছের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে গণ্য হবে। ইজারাকৃত জলমহালে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না ।

৩১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

স্বা/- ১৫/০১/২০২৪
(পাপিয়া আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ই-মেইল- unonikli@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮৭৬.০০০.০১.০২১.২৩-২৮(১৫০) তারিখ :১৫/০১/২০২৪ খ্রি.

অনুলিপি :- সদয় কার্যার্থে /জ্ঞাতার্থে ।

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, কিশোরগঞ্জ- ০৫।
০২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
০৪। চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
০৫। সহকারী কমিশনার (ভূমি), নিকলী, কিশোরগঞ্জ।
০৬। উপজেলা ......................................... কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ..............................(সকল) ইউনিয়ন পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। ম্যানেজার, সোনালী ব্যাংক লি:/অগ্রণী ব্যাংক লি:/বাংলাদেশ কৃষি ব্যাংক, নিকলী শাখা ।
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................ ইউনিয়ন ভূমি অফিস, নিকলী। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সভাপতি/সম্পাদক, .................................. মৎস্যজীবী সমবায় সমিতি লি:, নিকলী, কিশোরগঞ্জ।
১১। নোটিশ বোর্ড।

স্বা/- ১৫/০১/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।

২৫/০১/২৪

F:\Salam UNO office-2022\জলমহাল\Tender -2023\Jolmohal lease-2024.doc

CamScanner